দৈনিক
জনকণ্ঠ

24 JAN 2017

# বাংলাদেশের টেক্সটাইল শিক্ষা নিয়ে কাজ করতে আগ্রহী জার্মানি

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানের সঙ্গে জার্মানি-বাংলাদেশ হায়ার এডুকেশন নেটওয়ার্ক অন স্যাসটেন্যাবল টেক্সটাইল প্রোগ্রাম কোঅর্ডিনেটর, ক্রিশ্চিয়ান ভন মিজলাফ সোমবার তার দফতরে সৌজন্য সাক্ষাত করেন। মিজলাফ ইউজিসি চেয়ারম্যানকে অবহিত করেন, জিআইজেডের মাধ্যমে জার্মানি সরকার বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে এদেশের টেক্সটাইল এবং উচ্চশিক্ষা ক্ষেত্রে কাজ করতে আগ্রহী। অনুষ্ঠানে তারা বাংলাদেশ এবং জার্মানির উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে একাডেমিক এবং গবেষণা সহযোগিতা প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করেন। ইউজিসি চেয়ারম্যান বলেন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন উচ্চশিক্ষার গুণগতমান বৃদ্ধি এবং আন্তর্জাতিকীকরণের জন্য দাতাদেশসমূহের সহযোগিতাকে স্বাগত জানায়। তিনি আরও বলেন, দেশের দক্ষ মানবসম্পদের চাহিদা পূরণে টেক্সটাইলের টিচিং এবং লার্নিং প্রক্রিয়াকে আধুনিকীকরণ করতে হবে। প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, সদস্য, ইউজিসি, প্রফেসর ড. দিল আফরোজা বেগম, সদস্য, ইউজিসি, প্রফেসর ড. মোঃ আখতার হোসেন, সদস্য, ইউজিসি, প্রফেসর ড. এম শাহ্ নওয়াজ আলি, সদস্য, ইউজিসি, ড. মোঃ খালেদ, সচিব, ইউজিসি, আবদুল্লাহ আল হাসান চৌধুরী, অতিরিক্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ড. মোঃ ফখরুল ইসলাম, যুগ্ম-সচিব, ইউজিসি এবং রফিক আহমেদ সিদ্দিক, ডেপুটি চীফ, শিক্ষা মন্ত্রণালয় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি